

কোর্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। ২০ ডিসেম্বর, ২০১৫।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সংস্থার সকল কর্মী

হতে : পরিচালক

বিষয়: সাপ্তাহিক ছুটিসহ অন্যান্য সরকারি ছুটির পূর্ববর্তী এবং পরবর্তী দিনগুলোতে ছুটি ভোগের ক্ষেত্রে সাপ্তাহিক ছুটিসহ অন্যান্য সরকারি ছুটিসমূহও বার্ষিক ছুটি থেকে কর্তন করা প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

আপনাদের সকলের অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিম্নলিখিত বিষয়গুলো আপনাদের বরাবরে উপস্থাপন করা হলো।

১. সাপ্তাহিক ছুটি (শুক্র ও শনিবার) এর পূর্ববর্তী দিন এবং পরবর্তী যদি কোন কর্মী ছুট কাটার তহলে সাপ্তাহিক ছুটির দিনগুলোও ছুটি হিসেবে গণ্য হবে এবং তা কর্মীর বার্ষিক ছুটি থেকে কর্তন করা হবে। এছাড়া অন্যান্য সরকারি ছুটির দিনের আগে পরে যদি কোন কর্মী ছুটি ভোগ করেন তাহলেও একই নিয়মে তা ছুটি হিসেবে গণ্য হবে এবং বার্ষিক ছুটি থেকে কর্তন করা হবে।
২. কারো বার্ষিক ছুটি পাওনা না থাকলে একান্ত প্রয়োজনে ছুটি নিতে হলে তা হবে বিনা বেতনে। বিনা বেতনে ছুটির সময় সাপ্তাহিক ছুটি বা সংস্থার ছুটি বা সরকারী ছুটি পড়লে তাও ছুটি হিসেবে গণ্য হবে।
৩. অসুস্থতাজনিত ছুটি ভোগ করার সময় যদি সাপ্তাহিক ছুটি, সরকারী ছুটি বা সংস্থার ছুটি পড়ে তাহলে সে দিনগুলোও অসুস্থতা ছুটি হিসেবে গণ্য করা হবে। অসুস্থতা ছুটিও পাওনা না থাকলে তা বিনা বেতনে হবে।
৪. এ সার্কুলারটি অনতিবিলম্বে কার্যকরী হবে এবং এটির সাথে যদি কেউ দ্বিমত পোষণ করেন তাহলে আগামী ১০ জানুয়ারি ২০১৬ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবরে যে কোন মাধ্যমে জানানোর জন্য অনুরোধ করা হলো।
৫. এই সার্কুলারটি আপনি আপনার এলাকায়, শাখায়, প্রকল্প অফিসে ও সেন্টারে আগামী দুটি সভায় আলোচনা করবেন। এই সার্কুলারটি সকল কর্মী পড়েছেন এই মর্মে স্বাক্ষর নেবেন এবং সবার অবগতির জন্য নোটিশ বোর্ডে ঝুলিয়ে রাখবেন।

এ ব্যাপারে আপনাদের সকালে সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ



সনত কুমার ভৌমিক

অনুলিপি

নির্বাহী পরিচালক

সকল উপ ও সহকারি পরিচালক

অফিস কপি